

AKASHVANI (Kolkata)
Regional News Unit

Date : 18.02.2025

Desk in Charge : SDG

Time : 7-35 A.M

Compiling & NR : D.S.S.

DEO : K. Bhowmick

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর -

১/ বিধানসভার মর্যাদা লঙ্ঘনের অভিযোগে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ চার বিজেপি বিধায়ককে সাসপেন্ড করার প্রতিবাদে বিজেপি পরিষদীয় দল আজ বিধানসভার বাইরে ধর্মীয় বসবে। # বিধানসভায় মুখ্যমন্ত্রীর ভাষণ'ও তাঁরা 'বয়কট'-এর সিদ্ধান্ত নিয়েছেন।

২/ সদ্য সমাপ্ত বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে রাজ্যের পর্যটন ক্ষেত্রে মোট ৫ হাজার ৬০০ কোটি টাকা লগ্নীর প্রস্তাব এসেছে।

৩/ বাগিচা শ্রমিকদের নূন্যতম মজুরি, চা সুন্দরী প্রকল্প সহ উত্তরবঙ্গের চা শিল্পের বর্তমান অবস্থা পর্যালোচনা করতে রাজ্য সরকার আজ এক বৈঠকে বসতে চলেছে।

৪/ জ্ঞানেশ কুমার, দেশের পরবর্তী মুখ্য নির্বাচন কমিশনার নিযুক্ত হয়েছেন।

৫/ কুম্ভ মেলা উপলক্ষ্যে পুণ্যার্থীদের সুবিধার্থে পূর্ব রেল বেশ কিছু বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। # শিয়ালদা ডিভিশনের বিভাগীয় রেল ম্যানেজার গতকাল শিয়ালদায় যাত্রী নিরাপত্তা সহ বিভিন্ন বিষয় খতিয়ে দেখে ১১ দহা নির্দেশিকা জারি করেন।

৬/ রাজ্যে আগামী শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিকে, নতুন কয়েকটি বিষয়ে পঠন পাঠন শুরুর নির্দেশিকা জারি করেছে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ।

বিধানসভার মর্যাদা লঙ্ঘনের অভিযোগে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ চার বিজেপি বিধায়ককে সাসপেন্ড করার প্রতিবাদে বিজেপি পরিষদীয় দল আজ বিধানসভার বাইরে ধর্নায় বসবে। পাশাপাশি, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বিধানসভায় রাজ্যপালের ভাষণের ওপর যে বক্তব্য রাখবেন, তাও তাঁরা ‘বয়কট’ করবেন বলে শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

গতকাল বিধানসভার বাইরে এক সাংবাদিক সম্মেলনে বিরোধী দলনেতা, মুখ্যমন্ত্রীর বক্তব্যের সময় ফেসবুক লাইভে তিনি বক্তব্য পেশ করবেন জানিয়ে আরো বলেন, এই একমাস সাসপেনশন চলাকালীন বিধায়ক ভাতা’ও প্রত্যাখ্যান করবেন। শুভেন্দু বাবু বলেন, এই নিয়ে চতুর্থবার তাঁকে সাসপেন্ড করা হল। রাজ্যে অগণতান্ত্রিক সরকার চলেছে বলেও তাঁর অভিযোগ।

(বাইট- শুভেন্দু)

আগেই জানানো হয়েছে, শুভেন্দু অধিকারী ছাড়াও অগ্নিমিত্রা পাল, বিশ্বনাথ কারক এবং বঙ্কিম ঘোষ-এই চার বিধায়ককে পরবর্তী ৩০ দিন অথবা চলতি অধিবেশনের বাকি সময়ের জন্য সাসপেন্ড করার নির্দেশ দেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। বিধানসভায় তিনি গতকাল বলেন, অসংসদীয় আচরণের জন্যই এই সাসপেনশন।

(বাইট- অধ্যক্ষ)

এদিকে, বিজেপি আজ মুখ্যমন্ত্রীর ভাষণ বয়কটের যে সিদ্ধান্ত নিয়েছে, সরকারের তরফে তাতে তীব্র উদ্বেগ প্রকাশ করা হয়েছে। রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিম গতকাল সাংবাদিকদের বলেন-

(বাইট- ফিরহাদ)

কংগ্রেস’ও, বিজেপির বয়কটের সিদ্ধান্তের সমালোচনা করেছে। দলের নেতা অধীর রঞ্জন চৌধুরী গতকাল সাংবাদিকদের বলেন, বিধানসভা দাবী-দাওয়া পূরণের জায়গা। সেখানে এই ধরনের আচরণ শোভা পায়না।

(বাইট- অধীর)

আগেই জানানো হয়েছে, রাজ্যপাল CV আনন্দ বোসের অভিভাষণের ওপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব নিয়ে রাজ্য বিধানসভায় গতকাল আলোচনা চলাকালীন পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে।

বিধানসভার অধিবেশনের প্রথমার্ধে আজ বিজেপি, রাজ্যে একাধিক শিক্ষা প্রতিষ্ঠানে সরস্বতী পুজোয় বাধা দেওয়ার অভিযোগ তুলে ঐ ঘটনায় মুখ্যমন্ত্রীর বিবৃতি দাবি করে। অগ্নিমিত্রা পালের নেতৃত্বে মহিলা সদস্যদের তরফে বিধানসভায় এই মর্মে মূলতুবি প্রস্তাব'ও আনা হয়। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় প্রস্তাব পাঠের অনুমতি দিলেও আলোচনার দাবি খারিজ করলে, বিরোধী দলনেতা সহ অন্য সদস্যরা ওয়েলে নেমে কাগজপত্র ছিঁড়ে বিক্ষোভ দেখান। অধ্যক্ষ, বিরোধী দলনেতার ভূমিকা নিয়ে ক্ষোভ প্রকাশ করে ব্যবস্থা নেওয়ার কথা বললে প্রতিবাদে বিজেপি সদস্যরা 'ওয়াক আউট' করে বিধানসভার লবিতে বসে বিক্ষোভ দেখান। এরপর সভার মর্যাদা লঙ্ঘনের অভিযোগ তুলে শ্রী অধিকারী সহ চারজনের বিরুদ্ধে শাস্তির দাবিতে সরকার পক্ষের মুখ্য সচেতক নির্মল ঘোষ একটি প্রস্তাব নিয়ে এলে বিরোধীশূন্য বিধানসভায় সেটি ধ্বনি ভোটে পাশ হয়।

সদ্য সমাপ্ত বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে রাজ্যের পর্যটন ক্ষেত্রে মোট ৫ হাজার ৬০০ কোটি টাকা লগ্নীর প্রস্তাব এসেছে।

বিধানসভার প্রশ্নোত্তর পর্বে বিজেপি বিধায়ক নরহরি মাহাতোর প্রশ্নের উত্তরে পর্যটন মন্ত্রী ইন্দ্রনীল সেন একথা জানান। তিনি বলেন, উত্তর ও দক্ষিণবঙ্গের প্রায় সমস্ত জেলা জুড়ে এই পর্যটন প্রস্তাবগুলি এসেছে। জেলাশাসকদের সুপারিশ মত জেলাভিত্তিক পর্যটনের উন্নয়নে আগামী আর্থিক বছরের জন্য ৭০টি নতুন প্রকল্প হাতে নেওয়া হয়েছে। এর মধ্যে ৩৮ টি উত্তরবঙ্গের এবং ৩২টি দক্ষিণবঙ্গের। এজন্য ৭১ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। নতুন কোনো পর্যটন কেন্দ্র তৈরির জন্য বিধায়কদের কোন প্রস্তাব থাকলে তা জেলাশাসক মারফত পর্যটন দপ্তরের কাছে পাঠাতে হবে বলে পর্যটন মন্ত্রী জানান।

রাজ্য সরকার, নগরোন্নয়ন দফতরের আওতাধীন স্বাস্থ্য কেন্দ্রগুলিতে শূন্যপদ পূরণে উদ্যোগী হয়েছে। পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম গতকাল বিধানসভায় জানিয়েছেন শূন্য পদের কারণে পরিষেবায় কিছু সমস্যা হচ্ছে। তাই দ্রুত সেগুলি পূরণের উদ্যোগ নেওয়া হচ্ছে। তৃণমূল বিধায়ক সপ্তর্ষি ব্যানার্জির প্রশ্নের উত্তরে ফিরহাদ জানান, শহুরে নাগরিকদের স্বাস্থ্য পরিসেবার ক্ষেত্রে এই স্বাস্থ্য কেন্দ্র বা ওয়েলনেস সেন্টারগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

বর্তমানে রাজ্যে তাঁর দফতরের আওতায় আছে ৯৮৩ টি উপস্বাস্থ্য কেন্দ্র, ২২২টি হেলথ অ্যাডমিনিস্ট্রেটিভ ইউনিট ও ৪৫ টি স্পেশালিটি আউটডোর সেন্টার। তিনি আরো জানান, এখন রাজ্যে তার দফতরের আওতায় রয়েছে ৪২ টি মাতৃসদন, যার শয্যা সংখ্যা ৭১৬ টি।

বাগিচা শ্রমিকদের ন্যূনতম মজুরি, চা সুন্দরী প্রকল্প সহ উত্তরবঙ্গের চা শিল্পের বর্তমান অবস্থা নিয়ে পর্যালোচনা করতে রাজ্য সরকার আজ এক বৈঠকে বসতে চলেছে। মুখ্যসচিব মনোজ পন্থ-এর পৌরোহিত্যে নবান্নে ওই বৈঠকে উপস্থিত থাকবেন শ্রমমন্ত্রী মলয় ঘটক, শ্রম সচিব, ভারতীয় চা পার্শ্বদের চেয়ারম্যান ও ডেপুটি চেয়ারম্যান। চিঠি পাঠিয়ে চা বাগানের মালিক সংগঠন, ক্ষুদ্র চা চাষী সংগঠনের প্রতিনিধিদেরকেও উপস্থিত থাকতে বলা হয়েছে।

এছাড়াও আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, দার্জিলিং, দুই দিনাজপুর সহ উত্তরবঙ্গের ৬ জেলার জেলাশাসকরা ভার্চুয়ালি বৈঠকে যোগ দেবেন।

বানতলা চর্মনগরীকে সরকার এবার নিজের হাতে নিতে চলেছে। এ'কে, সেক্টর সিক্স শিল্পনগরীর আওতায় আনা হবে। এর জন্য 'ক্যালকাটা লেদার কমপ্লেক্স ট্যানারি অ্যাসোসিয়েশন' থেকে বাণতলা চর্মশিল্প নগরী পরিচালনার দায়িত্ব নেবে রাজ্য সরকার ১৮ মার্চ।

গতকাল এই নিয়ে টানারি অ্যাসোসিয়েশনকে নবান্নে বৈঠকে ডেকেছিলেন মুখ্যসচিব মনোজ পন্থ। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি'ও পরে ওই বৈঠকে যোগ দেন।

জ্ঞানেশ কুমার, দেশের পরবর্তী মুখ্য নির্বাচন কমিশনার নিযুক্ত হয়েছেন। তিনি রাজীব কুমারের স্থলাভিষিক্ত হবেন। বর্তমান মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমারের কার্যকালের মেয়াদ শেষ হচ্ছে আজ।

এতদিন অন্যতম নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করা কেরালা ক্যাডারের ১৯৮৮-এর ব্যাচের প্রাক্তন IAS আধিকারিক জ্ঞানেশ কুমার, সংসদীয় বিষয়ক মন্ত্রকের সচিব পদেও আসীন ছিলেন।

এদিকে, ডক্টর বিবেক যোশীকে নতুন নির্বাচন কমিশনার হিসেবে নিযুক্ত করা হয়েছে।

কুম্ভ মেলা উপলক্ষ্যে পূর্ণার্থীদের সুবিধার্থে পূর্ব রেল বেশ কিছু স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। পশ্চিমবঙ্গে হাওড়া, শিয়ালদা, কলকাতা, আসানসোল, বর্ধমান, মালদা টাউন থেকে এই ট্রেন চালানো হচ্ছে বলে রেল সূত্রে খবর। পাশাপাশি যাত্রী ভিড় সামাল দিতেও বিশেষ কিছু ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে রেল মন্ত্রক জানিয়েছে। পূর্ব রেলের দায়িত্ব প্রাপ্ত মুখ্য জনসংযোগ আধিকারিক দীপ্তিময় দত্ত জানিয়েছেন-

(বাইট- রেল দীপ্তিময়)

প্রয়াগরাজে মহাকুম্ভ মেলায় যাওয়ার পথে দেশের বিভিন্ন স্টেশনে তীর্থ যাত্রীদের অভূতপূর্ব ভিড়ের কারণে সাম্প্রতিক দু-একটি অপ্রীতিকর ঘটনার পর পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের বিভাগীয় রেল ম্যানেজার দীপক নিগম গতকাল শিয়ালদা স্টেশন পরিদর্শন করেন। স্টেশন চত্বরে যাত্রী নিরাপত্তা সহ বিভিন্ন বিষয় খতিয়ে দেখার পাশাপাশি প্রয়াগরাজগামী তীর্থ যাত্রীদের মসৃণ যাতায়াতের জন্য ১১ দফা নির্দেশিকাও দেন তিনি।

এগুলির মধ্যে আছে- কুম্ভগামী ট্রেনের জন্য সুনির্দিষ্ট প্ল্যাটফর্ম নির্ধারণ, পাবলিক অ্যাড্রেস সিস্টেমে প্রয়াগরাজগামী মেল, এক্সপ্রেস ট্রেনের জন্য প্ল্যাটফর্ম নম্বর ঘোষণার পর কোনোভাবেই তা পরিবর্তন না করা, 'ন্যাশনাল ট্রেন এনকোয়ারি সিস্টেম' এ মেল ও এক্সপ্রেস ট্রেনগুলির আসা ও যাওয়ার সময় এবং প্ল্যাটফর্ম নম্বর সম্পর্কিত সঠিক তথ্য পরিবেশন করা, কোন্ ট্রেন কোন্ প্ল্যাটফর্ম থেকে ছাড়বে তা ডিসপ্লে বোর্ডে দেওয়া, অনিয়ন্ত্রিতভাবে অসংরক্ষিত শ্রেণীর টিকিট বিক্রি না করা এবং এর উপর পর্যায়ক্রমিক নজরদারি চালানো। হঠাৎ অসংরক্ষিত টিকিট বিক্রি বেড়ে গেলে দুর্ঘটনা এড়াতে তা বন্ধ করা হবে। এছাড়া আগামী সোমবার ২৪ ফেব্রুয়ারি পর্যন্ত প্রয়াগরাজ, বারাণসী ও পন্ডিত দীনদয়াল উপাধ্যায়গামী বিভিন্ন ট্রেন যেমন শিয়ালদা-আজমের, শিয়ালদা-আনন্দ বিহার সম্পর্ক ক্রান্তি, শিয়ালদা-বিকানের দূরন্ত, শিয়ালদা রাজধানী, শিয়ালদা-জম্মু তাওয়াই হামসফর এক্সপ্রেস-এর সংরক্ষিত শ্রেণীর টিকিট বিক্রি সম্পূর্ণ বন্ধ থাকবে বলেও জানিয়েছেন দীপক নিগম।

অন্যদিকে, যাত্রী নিরাপত্তার কথা বিবেচনা করে বিশেষ ভাবে প্রশিক্ষিত RPF বাহিনীকে শিয়ালদা স্টেশনের প্রতিটি অংশে নজরদারি চালানো, প্রয়াগরাজ বা তার কাছাকাছি স্টেশন হয়ে যাবে যেই সমস্ত ট্রেন, সেগুলিতে ওঠার সময় ভিড় নিয়ন্ত্রণে RPF আধিকারিক ও জওয়ান মোতায়েন রাখা, জরুরি পরিস্থিতিতে ব্যবহার করার জন্য শিয়ালদা ও কলকাতা স্টেশনে আরো ব্যাটারি চালিত গাড়ি, হুইল চেয়ার, ও স্ট্রেচার এবং পর্যাপ্ত সংখ্যক চিকিৎসক, প্যারা মেডিক্যাল কর্মী ও শিয়ালদা স্টেশনে ২৪ ঘণ্টা অ্যাম্বুলেন্স রাখার পাশাপাশি, স্টেশন চত্বর পরিষ্কার পরিচ্ছন্ন ও পর্যাপ্ত অগ্নি নির্বাপন ব্যবস্থা রাখারও নির্দেশ দেন তিনি।

রাজ্যে আগামী শিক্ষাবর্ষ অর্থাৎ ২০২৫-২৬-এ উচ্চ মাধ্যমিকে নতুন কয়েকটি বিষয়ে পঠনপাঠন শুরু করার নির্দেশিকা জারি করেছে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ।

এই বিষয়গুলির মধ্যে আছে- পরিবেশ বিজ্ঞান বা EVSC, কৃত্রিম মেধা ও ডেটা সাইন্স- AIDS, মৎস চাষ ও জলজ বিজ্ঞান- FSAQ, বাণিজ্যিক গণিত ও মৌলিক সংখ্যাতত্ত্ব- BMBS এবং সমাজ বিজ্ঞানের জন্য মৌলিক গণিত- BMSS ।

আগামী শিক্ষাবর্ষে নতুন এই বিষয়গুলি সহ বর্তমানে চলতি বিভিন্ন বিষয় নিয়ে ৩টি সেটে সাবজেক্ট কম্বিনেশন শুরু করার'ও নির্দেশ দিয়েছে সংসদ। যে সমস্ত বিদ্যালয়ে এই নতুন বিষয়ের জন্য আবেদন করতে পারবে, তাদের কিছু যোগ্যতা মান'ও ধার্য করা হয়েছে সংসদের পক্ষ থেকে। এবং সেইজন্য সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষিত শিক্ষক'ও নিয়োগ করতে বলা হয়েছে।

বিধাননগর উত্তর থানা এলাকায় DA ব্লকে গতরাতে একটি তিনতলা বাড়িতে আগুন লাগে। দমকল, ঐ বাড়ির তিনতলা থেকে মালিক দেবর্ষি গাঙ্গুলীর দণ্ড মৃতদেহ উদ্ধার করে। চারঘণ্টার চেষ্টায় আগুন নেভায়। দমকল সূত্রে জানা যায়, মৃতের স্ত্রী নিবেদিতা গাঙ্গুলি তখন অন্য ঘরে ছিলেন।
